



খেলার পাশাপাশি শিক্ষায়ও মনোযোগী হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের খেলাধুলার পাশাপাশি লেখাপড়া, সংস্কৃতি চর্চা এবং সৃজনশীল কর্মকাণ্ডে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (২০ জুন) রাজধানীর আর্মি স্টেডিয়ামে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের জাতীয় পর্যায়ে ফাইনাল ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, ক্রীড়াক্ষেত্রে সফল হতে হলে নিয়মিত অনুশীলনের পাশাপাশি শিক্ষা ও নৈতিক বিকাশেও গুরুত্ব দিতে হবে। তিনি শিক্ষার্থীদের স্বপ্ন দেখতে এবং আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ হিসেবে নিজেদের গড়ে তোলার উৎসাহ দেন।

এ সময় ভবিষ্যতে দেশ থেকে আরও দক্ষ ক্রীড়াবিদ, উদ্ভাবক ও নেতৃত্ব উঠে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

টুর্নামেন্টের বালক বিভাগে বরিশালের দাড়িয়াল মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়। অন্যদিকে বালিকা বিভাগে শিরোপা জিতে নেয় পাবনার জোরগাছা ইউনাইটেড সরকারি প্রাথমিক বিদ্যালয়।

বিজয়ী ও অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে তাদের সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান প্রধানমন্ত্রী।